

মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ২৭৯

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّعْدِيِّ، قَالَ: قَالَ لِي عُمَرُ: أَلَمْ أُحَدِّثْ أَنَّكَ تَلِي مِنَ أَعْمَالِ النَّاسِ أَعْمَالًا، فَإِذَا أُعْطِيََتِ الْعُمَّالَةَ لَمْ تَقْبَلْهَا؟ قَالَ: نَعَمْ. قَالَ: فَمَا تُرِيدُ إِلَى ذَاكَ؟ قَالَ: أَنَا غَنِيٌّ، لِي أَعْبُدُ وَلِي أَفْرَاسٌ، أُرِيدُ أَنْ يَكُونَ عَمَلِي صَدَقَةً عَلَى الْمُسْلِمِينَ. قَالَ: لَا تَفْعَلْ، فَإِنِّي كُنْتُ أَفْعَلُ مِثْلَ الَّذِي تَفْعَلُ، كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْطِينِي الْعَطَاءَ فَأَقُولُ: أَعْطِهِ مَنْ هُوَ أَفْقَرُ إِلَيْهِ مِنِّي. فَقَالَ: " خُذْهُ، فَإِنَّمَا أَنْ تَمَوَّلَهُ، وَإِنَّمَا أَنْ تَصَدَّقَ بِهِ، وَمَا آتَاكَ اللَّهُ مِنْ هَذَا الْمَالِ، وَأَنْتَ غَيْرُ مُشْرِفٍ لَهُ وَلَا سَائِلِهِ فَخُذْهُ، وَمَا لَا فَلَا تُتْبِعْهُ نَفْسَكَ

إسناده صحيح على شرط الشيخين. وانظر رقم (100)

বাংলা

২৭৯। আবদুল্লাহ বিন সা'দী বলেন, উমার (রাঃ) আমাকে বললেনঃ আমাকে জানানো হয়েছে যে, তুমি জনগণের অনেক কাজের দায়িত্ব বহন কর। কিন্তু যখন তোমাকে কিছু পারিশ্রমিক দেয়া হয়, তখন তা গ্রহণ করনা। এটা কি সত্য? আমি বললামঃ হ্যাঁ। তিনি বললেন, এ দ্বারা তোমার উদ্দেশ্য কী? আমি বললামঃ আমি সম্পদশালী, আমার অনেক দাসদাসী ও ঘোড়া আছে। আমি চাই, আমি যা কিছু করি, তা মুসলিমদের জন্য সাদাকা হিসাবে গণ্য হোক। তিনি বললেন, এটা করো না। আমিও তোমার মত এরূপ করতাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে উপহারা দিতেন। আমি বলতাম, আমার চেয়েও গরীব কাউকে দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ এটা নিয়ে নাও। এরপর তুমি হয় এটাকে বিনিয়োগ কর অথবা সাদাকা করে দাও। রাষ্ট্রীয় সম্পদ থেকে যা কিছু আল্লাহ তোমাকে তোমার চাওয়া ও আশা করা ছাড়াই দেন, তা নিয়ে নাও। আর যা দেন না, তার জন্য লালায়িত হয়ো না।

[হাদীস নং ১০০ দ্রষ্টব্য]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63103>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন